টিঙটিঙে সিং

গুবি গুবি আজগুবি
টিঙটিঙে সিং
বাড়ি তার কাবুলেতে
খায় শুধু হিং।

জিরজিরে দুই ঠ্যাং
টিঙটিঙে সিং
বোম্বেটে বউ তার
লিকলিকে সিং।

টিঙটিঙে আসলে
বীর পালোয়ান
রাত হলে তুড়ি মেরে
গায় একা গান।

তাকে দেখে সকলের
ভয়ে কাঁপে বুক
খোঁচা খোঁচা দাড়িতে
ইয়া বড় মুখ।

চুপি চুপি বলি শোন
তার কথা অল্প
গুবি গুবি আজগুবি
সে যে এক গল্প।